সীরাতুন্নবী (স:) উপলক্ষে ঝিনাইদহ উকিল বারে আলোচনা সভা অনুষ্ঠিত

সীরাতুন্নবী (স:) উপলক্ষে ঝিনাইদহ উকিল বারে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ ল’ ইয়ার্স কাউন্সিল ঝিনাইদহ শাখার উদ্দ্যেগে গতকাল বৃহস্পতিবার বিকালে ঝিনাইদহ আইনজীবী সমিতির তৃতীয় তলায় এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অ্যাড. শফিউল আলমের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা জামায়াতের আমীর অধ্যাপক আলী আজম মোঃ আবু বক্কর।

প্রধান আলোচক হিসেবে ছিলেন জামায়াত নেতা অধ্যাপক মতিয়ার রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অ্যাড. আব্দুর রশিদ বিশ^◌াস। সঞ্চালনায় ছিলেন অ্যাড. রফিকুজ্জামান।

এছাড়াও আলোচনা সভায় বাংলাদেশ ল’ ইয়ার্স কাউন্সিল ঝিনাইদহ শাখার নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। আলোচনা সভার মুল প্রতিপাদ্য বিষয় ছিলো “রাসুল (স:) জীবনেই রয়েছে তোমাদের জন্য সর্বোত্তম আদর্শ”।

কোটচাঁদপুরে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের মানববন্ধন

ঝিনাইদহের কোটচাঁদপুরে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের যোগ্যতা ও ন্যায্যতার আলোকে ১০ম গ্রেড এবং প্রধান শিক্ষকদের ৯ম গ্রেডে বেতন নির্ধারণের দাবিতে মানবন্ধন পালন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার (৩ সেপ্টেম্বর) বিকেলে শহরের উপজেলা পরিষদ চত্বরে এ মানববন্ধন করে উপজেলার প্রাথমিক শিক্ষক শিক্ষকারা। মানববন্ধন শেষে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রধান উপদেষ্টা বরাবর স্মারকলিপি প্রদান করা হয়।

সহকারী শিক্ষক দশম ১০ গ্রেড বাস্তবায়ন সমন্বয় পরিষদের সদস্য রুদ্রপুর প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মশিউর রহমান সজলের পরিচালনায় মানববন্ধনে বক্তব্যে রাখেন নওদাগ্রাম কাশিপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক কামরুজ্জামান কচি, মানিকদি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক খোন্দকার হাসানুজ্জামান, বালিকা প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক বাবুল আক্তার টোকন, গুড়পাড়া প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক মাহফুজ, বলরামনগর প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক কামরুজ্জামান, বলরামপুর প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক মোজাম্মেল হক শাহীন, তালসার প্রাথমিক বিদ্যালয়ের তবিবুর রহমান, শ্রীরামপুর প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক শওকত আলী মিঠু, রামচন্দ্রপুর প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক সাবানা খাতুন প্রমুখ।এ সময় বক্তারা বলেন, ২০০৯ সাল থেকে আটকে থাকা সহকারী শিক্ষক থেকে প্রধান শিক্ষক পদে পদোন্নতি দ্রুত বাস্তবায়নসহ সহকারী শিক্ষক এন্ট্রিপদ ধরে পরিচালক পর্যন্ত যোগ্যতার ভিত্তিতে শতভাগ পদোন্নতি দিতে হবে। এছাড়া ৮ম পে স্কেলে টাইম স্কেল ও সিলেকশন গ্রেড পুনর্বহাল, প্রতি তিন বছর পর পর স্বয়ংক্রিয়ভাবে শ্রান্তি বিনোদন ভাতা, মাসিক সমন্বয় সভায় সহকারী শিক্ষক প্রতিনিধির উপস্থিত নিশ্চিতসহ মোট ১৪টি দাবি তুলে ধরেন তারা।

ঘন্টাব্যাপি এ মানববন্ধনে উপজেলার ৭৪ টা প্রাথমিক শিক্ষক, শিক্ষার অংশগ্রহণ করেন।

নবী মুহাম্মাদ (সা:) ও ইসলাম সম্পর্কে কটুক্তির প্রতিবাদে

ঝিনাইদহে বিক্ষোভ

ভারতে বিশ্ব নবী হযরত মুহাম্মাদ (সা:) ও ইসলাম সম্পর্কে কটুক্তির প্রতিবাদে ঝিনাইদহে বিক্ষোভ ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (৩ সেপ্টেম্বর) দুপুরে সাধারণ ছাত্রের ব্যানারে শহরের উজির আলী স্কুল মাঠ থেকে একটি একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে পায়রা চত্বরে গিয়ে শেষ হয়। পরে সেখানে অনুষ্ঠিত হয় সমাবেশ।

এতে জেলা ছাত্রদলের সভাপতি সমেনুজ্জামান সোমেন, শিক্ষার্থী আশিকুর রহমান, মাওলানা মুফতি মোহাম্মদ জুবায়ের হোসেনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সমাবেশ থেকে বক্তারা হুশিয়ারি দিয়ে বলেন, বিশ্ব নবীর অপমান বরদাস্ত করা হবে না। এছাড়াও ধর্মীয় অনুভূতিতে আঘাত করায় আন্তর্জাতিক আইনের মাধ্যমে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করেন শিক্ষার্থীরা।

ঝিনাইদহ মৌচিক কর্মকর্তা- কর্মচারীদের ৩ দফা দাবিতে মানববন্ধন

বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের রাষ্ট্রায়ত্ত চিনিকলগুলোকে লাভজনক ও যুগোপযোগী করতে চিনি শিল্পের কৃষি বিভাগকে রাজস্ব খাতে অন্তর্ভূক্তসহ ৩ দফা দাবিতেঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকালে বৈরী আবহাওয়া উপেক্ষা করে কালীগঞ্জের মোবারকগঞ্জ চিনিকলের সামনে এ কর্মসূচীর আয়োজন করে চিনিকলের শ্রমিক-কর্মচারীরা। এতে ব্যানার ফেস্টুন নিয়ে চিনিকলের কর্মকর্তা, কর্মচারীসহ অন্যান্যরা অংশ নেয়।

ঘন্টাব্যাপী চলা এই কর্মসূচীতে চিনিকলের ব্যবস্থাপক গৌতম কুমার মন্ডল, তানজিমুল ইসলাম, ইক্ষু উন্নয়ন সহকারী আব্দুল হাই সিদ্দিকী, চিনিকলের সিআইসি সদস্য ইমরান পারভেজ, সেন্টার গার্ড কাম স্কেলম্যান আব্দুল লতিফসহ অন্যান্যারা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা চিনি শিল্পের কৃষি বিভাগকে রাজস্ব খাতে অন্তর্ভূক্ত, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনকে কৃষি মন্ত্রনালয়ের অন্তর্ভূক্ত ও ইক্ষু সম্প্রসারণ উইং গঠনের দাবী জানান।

ঝিনাইদহে ১০ গ্রেডে বেতনের দাবীতে ডিপ্লোমা সার্ভেয়ারদের কর্মবিরতি

১০ম গ্রেডে বেতনের দাবীতে কর্মবিরতি ও অবস্থান ধর্মঘট পালন করেছেন বৈষম্যবিরোধী সার্ভে ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ছাত্র-পেশাজীবী অধিকার বাস্তবায়ন পরিষদ। আজ বৃহস্পতিবার (৩ অক্টোবর) সকালে ঝিনাইদহ জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এ কর্মবিরতি পালন করেন তারা।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, ১০ গ্রেডে বেতনের দাবীতে ৬৪ জেলার সকল ডিপ্লোমা সার্ভেয়াররা কর্মবিরতি ও অবস্থান ধর্মঘট পালন করছেন বৈষম্যবিরোধী সার্ভে ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ছাত্র-পেশাজীবী অধিকার বাস্তবায়ন পরিষদ।

এর ধারাবাহিকতায় ঝিনাইদহের বৈষম্যবিরোধী সার্ভে ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ছাত্র-পেশাজীবী অধিকার বাস্তবায়ন পরিষদও কর্মসুচী পালন করেন। আজ সকাল ৯ টা থেকে দুপুর ১ টা পর্যন্ত ৩ য় দিনের মতো ঝিনাইদহ জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এ কর্মবিরতি পালন করেন তারা।

আন্দোলনকারীরা বলেন, উচ্চ আদালতের আদেশ ও জনপ্রশাসন

মন্ত্রণালয়ের সুপারিশ এবং গেজেটের আলোকে সার্ভে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের পদটিকে দ্বিতীয় শ্রেণীর মর্যাদায় উন্নীত করে ১০ম গ্রেডে বেতন বাস্তবায়নের দাবী তাদের। এ দাবী আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দেন কর্মসুচী থেকে।

কর্মসূচিতে ছিলেন, ঝিনাইদহ জেলা প্রশাসকের কার্যালয়ে কর্মরত সার্ভেয়ার আ: রহিম, কোটচাঁদপুর ভূমি অফিসের মরতুজ আলী, মনিরুল হক, উন্নয়ন বোর্ডের সার্ভেয়ার আ: বাতেন, এলজিইডির সার্ভেয়ার আতিকুর রহমান, সড়ক বিভাগের সার্ভেয়ার সোহেল রানা, সার্ভয়ার ইজাজুল ইসলাম, নাজমুল হাসান সোহেল, রিয়াজুল ইসলাম, সাজ্জাদ হোসাইন শুভ, সজিব আহমেদ, পানিখাইরুল ইসলাম, আব্দুল্লাহ আল মামুন।

গেল ১ অক্টোবর থেকে আন্দোলনকারী এ কর্মসুচী পালন করে আসছেন। একই দাবীতে বাংলাদেশের ৬৪ টি জেলায় এ কর্মসূচি পালিত হচ্ছে বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা।

ঝিনাইদহে জোরপুর্বক জমি দখলের অভিযোগ

ঝিনাইদহ সদর উপজেলার পাগলা কানাই ইউনিয়নের বাড়ীবাথান গ্রামে জমি জোরপূর্বক দখল করে নেওয়ার অভিযোগ উঠেছে। জমি দখল করে জমিতে থাকা বিভিন্ন প্রজাতির গাছও কেটে নিয়েছে শাহজাহান ও আফজাল নামের দুই ভুমিদস্যু।

আজ বুধবার সকাল ও গতকাল মঙ্গলবার বাড়ীবাথান গ্রামের দর্গাপাড়া বাজার এলাকায় এ ঘটনা ঘটে।

ভুক্তভোগী ঝিনাইদহ পুলিশ লাইন্স স্কুলের অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর রফিকুল আলম খালেক জানানা, পৈত্রিক সূত্রে পাওয়া তিনি গ্রামের ৪০ শতক জমিতে ৫০ বছর ধরে আবাদ করে আসছেন। একই মৌজার এই জমিতে ফলজ ও বনজ গাছ ছিলো। কিন্তু প্রতিবেশী ভুমিদস্যু দরবেশ মন্ডলের ছেলে শাজাহান ও প্রতিবেশী আফজাল,

শাহীনসহ আরও কিছু লোকজন জমি দখল করে নেয়। জমিতে থাকা ১৫ টি মেহগনি ও ৬ টি কাঠাল গাছ কেটে নিয়েছে।

ভুক্তভোগী রফিকুল আলম খালেক বলেন, আমরা আমাদের ন্যায্য জমিতে আবাদ করছিলাম। গায়ের জোরে এই জমি দখল করে নিয়েছে। এখন আমরা জমিতে গেলে হত্যার হুমকি দিচ্ছে। এর আগেও জমিতে মামলা করেছিলো। সেই মামলায় হেরে যাওয়ার পর এখন জোর করে জমি দখল করেছে। আমি থানায় অভিযোগ দিয়েছি। গত ২৪ সেপ্টেম্বর ঝিনাইদহ থানায় একটি বৈঠক অনুষ্ঠিত হয়। সেখানে শাহজাহানকে জমিতে যেতে নিষেধ করে দেয়। কিন্তু সেই আদেশ না মেনে দুই দিন ধরে গাছ কেটে জমি দখল করে নিয়েছে। আমি এর সুষ্ঠু বিচার চাই আমি।

এ ব্যাপারে অভিযুক্ত শাহজাহান বলেন, জমি আমার তাই আমি গাছ কেটে নিয়েছি।

ঝিনাইদহ সদর থানার ওসি শাহীন উদ্দিন বলেন, গাছ কাটার সংবাদ পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠিয়েছিলাম। পুলিশ গিয়ে গাছ কাটা বন্ধ করে উভয় পক্ষকে শান্ত থাকার নির্দেশ দিয়েছে। পরবর্তীতে তদন্ত করে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে।

ঝিনাইদহের বিষয়খালীতে ঈদে মিলাদুনবী (সা.) উপলক্ষে আলোচনা ও মিলাদ মাহফিল

ঝিনাইদহ সদর উপজেলার বিষয়খালী বাজার পুরাতন জামে মসজিদে পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) ১৪৪৪ হিজরী উদযাপন উপলক্ষে বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় হযরত মুহাম্মদ (সা.) শীর্ষক আলোচনা সভা, মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রোববার বাদ মাগরিব বিষয়খালী বাজার পুরাতন জামে মসজিদে এ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। মসজিদ কমিটির সভাপতি আমির আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে আলোচনা, মিলাদ ও

দোয়া মাহফিল পরিচালনা করেন মাওলানা ডাঃ মোহাম্মদ হাবিবুর রহমান।

বিষয়খালী বাজার পুরাতন জামে মসজিদের উদ্যোগে অনুষ্ঠিত আলোচনা সভায় মহারাজপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও মসজিদ কমিটির প্রধান উপদেষ্টা খুরশিদ আলম মিঞা, জামাতে ইসলামি বাংলাদেশের মহারাজপুর ইউনিয়ন আমির মাওলানা আহম্মদ আলী, ইউপি সদস্য আতিকুর রহমান আতিক, মসজিদ কমিটির সহ-সভাপতি সিরাজুল ইসলাম, সাধারণ সম্পাদক সলেমান সরদার, উপদেষ্টা আব্দুল জলিল, কোষাধ্যক্ষ ইব্রাহিম মিয়া, সদস্য ও মিঞা অটো রাইস মিলের সত্বাধিকারী সাজেদুল ইসলাম সাজু, সদস্য ও সাংবাদিক বসির আহাম্মেদ, সদস্য সুজন মিয়া, নাছির উদ্দিন, মনোয়ার সরদার, মোস্তফা মালিতা, মসজিদে ইমাম হাফেজ মাওলানা ওহিদুল ইসলাম, উত্তর পাড়া জামে মসজিদের ইমাম হাফেজ মাওলানা মুকুল হোসেন, ব্যবসায়ী দবির আলী উপস্থিত ছিলেন।

মাওলানা ডাঃ হাবিবুর রহমান আরো বলেন, হযরত মুহাম্মদ (সা.) তাঁর রেখে যাওয়া আদর্শ মেনে চলা যায় তাহলে আমাদের মানব জীবন পরিপূর্ণ হবে। সম্প্রতি ভারতীয় পুরোহিত কর্তৃক হযরত মুহাম্মদ (সা.)-কে নিয়ে অবমাননাকর কটুক্তি ও ধর্মীয় অনুভুতিতে আঘাতে বিজেপি নেতার সমর্থনের প্রতিবাদে নিন্দা প্রকাশ করেন। একই সাথে এসব ঘটনার সাথে জড়িত ব্যক্তিদের দ্রুত আইনের আওতায় নিয়ে আসার আহবান জানান।

ঝিনাইদহের কালীগঞ্জে পুকুর থেকে মোচিক শ্রমিকের লাশ উদ্ধার

ঝিনাইদহের কালীগঞ্জে পুকুরের পানি থেকে অবসরপ্রাপ্ত মোচিক শ্রমিক আব্দুল হামিদের (৭০) লাশ উদ্ধার করেছে পুলিশ।

আজ সোমবার (৩০ সেপ্টেম্বর) সকালে মোবারকগঞ্জ সুগার মিলের (মোচিক) একটি পুকুর থেকে তার লাশ উদ্ধার করা হয়।

স্থানীয় সূত্রে জানা যায়, পানিতে ডুবে মোচিকের অবসরপ্রাপ্ত শ্রমিক আব্দুল হামিদ নামের এই শ্রমিকের মৃত্যু হয়েছে। তারা আরও জানান, মোচিকের অবসরপ্রাপ্ত শ্রমিক আব্দুল হামিদ গতকাল রোববার বিকেলে বাড়ি থেকে বের হয়। অনেক খোঁজাখুজি করার পরও রাতে তার সন্ধান পাওয়া যায়নি। সোমবার সকালে পুকুরের পানিতে তার লাশ ভাসতে দেখে পুলিশে খবর দেয় স্থানীয়রা। পরে পুলিশ এসে তার লাশ উদ্ধার করে। ৭০ বছর বয়সী আব্দুল হামিদ অবসরের পর পরিবারের সাথে মোচিক কলোনির একটি বাসায় বসবাস করতেন।

কালীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু আজিফ বলেন, মোচিক পুকুর থেকে বৃদ্ধের লাশ উদ্ধার করা হয়েছে। এ ঘটনায় থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।

ঝিনাইদহে পল্লী বিদ্যুৎ অফিসের কর্মকর্তা-কর্মচারীদের মানববন্ধন

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ অফিসের কর্মকর্তা ও কর্মচারীরা দুই দফা দাবীতে মানববন্ধন কর্মসূচী পালন করেছে । আজ সোমবার (৩০ সেপ্টেম্বর) সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে পল্লী বিদ্যুৎ সমিতি বৈষম্য বিরোধী আন্দোলনের ব্যানারে এ কর্মসূচী পালিত হয়।

সকাল ১১ থেকে বেলা ১২ টা পর্যন্ত চলা এই কর্মসূচীতে ব্যানার ফেস্টুন নিয়ে জেলা ও উপজেলা অফিসের কর্মকর্তা-কর্মচারীরা অংশ নেয়।

সেসময় ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতির ডিজিএম আবু তৈয়েব জহুরুল আলম, এজিএম হাবিবুর রহমান, মাহবুব আলম, জুনিয়ার প্রকৌশলী রবিউল ইসলামসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, গ্রাহক সেবার মানোন্নয়ন, উন্নত কর্মপরিবেশ নিশ্চিতের

মাধ্যমে কর্মকর্তা-কর্মচারীদের সন্তুষ্টি, স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি এবং টেকসই বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা বিনির্মাণে সকল বৈষম্য অবসান করার দাবী জানান। সেই সাথে সকল চুক্তিভিত্তিক কর্মচারীদের নিয়মিত করার দাবীও জানান।

কোটচাঁদপুরে জাতীয় কন্যাশিশু দিবস পালিত

কন্যা শিশুর স্বপ্নে গড়ি আগামীর বাংলাদেশ এ প্রতিপাদ্যে কোটচাঁদপুরে জাতীয় কন্যাশিশু দিবস পালিত হয়েছে। আজ সোমবার দুপুরে স্থানীয় জালালপুর মাধ্যমিক বিদ্যালয়ের সম্মেলন কক্ষে দিবসটি পালন করা হয়।

এ উপলক্ষ্যে সচেতনতামূলক আলোচনা সভা ও ছাত্রীদের মাঝে ন্যাপকিনসহ লেখাপড়া সামগ্রী বিতরন করা হয়।

আলোচনা সভায় উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী অফিসার উছেন মে, সহকারী কমিশনার (ভূমি) জান্নাতুল মাওয়া, কোটচাঁদপুর থানার পুলিশ পরিদর্শক (ওসি) সৈয়দ আল মামুন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জহিরুল ইসলাম, একাডেমিক কর্মকর্তা ফারুক হোসেন ও জালাপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আক্তার জাহান।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম আর সঞ্চালনায় ছিলেন, তথ্য সেবা কর্মকর্তা তানিয়া সুলতানা।

অনুষ্ঠানে বক্তারা কণ্যা শিশু দিবসের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। পরে অতিথিবৃন্দরা ছাত্রীদের মাঝে ন্যাপকিন ও পড়া লেখার সামগ্রী বিতরন করেন।